

লক্ষী (Fortune)

কখনো ভাবিনি -
সাধনার ধন সত্যিই কাছে আসবে!
তাই তুমি যখন এলে
মন ছিলো সন্দেহে ভরা।

গত বিচ্ছেদের ব্যথা ও গ্লানি
তখনও বাসি হয়নি!
তাই যাচাইয়ের বৃথা চেষ্টা করা।

তুমি বিদায় নিলে -
মন ফিরে এলো,
প্রাণে আবার ভালোবাসার জোয়াড় এলো।
সংশয়ের বাধ ভেঙে গেলো,
তোমাকে পাওয়ার প্রবল আশা জাগলো!
শুধু জীবনের বাকী দিনগুলো -
নতুন বিচ্ছেদের সুরে ভরা।